রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০১৩

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ/২৭ নভেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৬৬-আইন/২০১৩।**—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ এর উপ-ধারা (৩), ধারা ২০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৬৯ এর উপ-বিধি (১) এর দফা (খ) এ উল্লিখিত "বিধি ৫১" শব্দ ও সংখ্যার পর "বা ৫৩" শব্দ ও সংখ্যা সন্নিবেশিত হইবে;

(২) বিধি ৭৭ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর পর নিম্নরূপ নূতন দফা (খখ) সন্নিবেশিত হইবে, যথা :—

"(খখ) ভোটকেন্দ্রের বাহিরে কোন ব্যালট পেপার বা ব্যালট পেপার বহি নিজ দখলে রাখেন বা জনসাধারণকে উহা প্রদর্শন করেন;";

(৩) বিধি ৮৪ এর পর নিম্নরূপ নূতন বিধি ৮৪ক সন্নিবেশিত হইবে, যথা :—

"**৮৪ক। কতিপয় ব্যক্তি কর্তৃক ম্যাজিস্ট্রেটের ক্ষমতা প্রয়োগ।**—ফৌজদারি কার্যবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, আইন প্রয়োগকারী সংস্থার কোন সদস্য


মূল্য ঃ টাকা ৪.০০

ব্যতীত, আপাতত নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনরত কোন ব্যক্তি, কমিশন কর্তৃক এতদুদ্দেশ্যে সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা ক্ষমতাপ্রাপ্ত হইলে—

(ক) বিধি ৭২, ৭৪, ৭৫, ৭৬, ৭৭(১) এবং ৭৮ এর অধীন শাস্তিযোগ্য অপরাধ সম্পর্কে উক্ত কার্যবিধির অধীন কোন প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেটের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন; এবং

(খ) ফৌজদারি কার্যবিধির ধারা ১৯০ এর উপ-ধারা (১) এর যে কোন দফার অধীন অনুরূপ কোন অপরাধ বিচারার্থে গ্রহণ করিতে পারিবেন এবং উক্ত কার্যবিধির সংক্ষিপ্ত বিচার সংক্রান্ত বিধানাবলী অনুযায়ী অনুরূপ কোন অপরাধ সংক্ষিপ্ত পদ্ধতিতে (summary trial) বিচার করিতে পারিবেন।";

(৪) বিধি ৮৮ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(ক) নির্বাচনের যে কোন পর্যায়ে বা ভোট গ্রহণের দিন যে কোন বা সকল ভোটকেন্দ্রের ভোটগ্রহণ বন্ধসহ সামগ্রিক নির্বাচন বন্ধ করিতে পারিবে, যদি উহার নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, নির্বাচনে বলপ্রয়োগ, ভীতি প্রদর্শন, ভোটকেন্দ্র অবৈধ দখল, ব্যালট পেপার ছিনতাই, ব্যালট পেপার ভর্তি ব্যালট বাক্স ছিনতাই, জোরপূর্বক অন্যের ভোট প্রদান, চাপ সৃষ্টিসহ বিধি বহির্ভূত বিভিন্ন অপকর্মের কারণে বা উহার বিবেচনায় অন্য যে কোন কারণে ন্যায়সঙ্গত ও নিরপেক্ষভাবে এবং আইন অনুযায়ী নির্বাচন পরিচালনা করিতে সক্ষম হইবে না;"।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**ড. মোহাম্মদ সাদিক**
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd